
৬/১১/২০০৩

তারিখ ..................
পৃষ্ঠা ১৬ কলাম ৬......

# গাজীপুরে গুলীতে বিআইটি ছাত্র নিহত ॥ ব্যাপক সংঘর্ষ ॥ ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা



*গাজীপুরে নিহত ছাত্র মোস্তফা*

গাজীপুর সংবাদদাতা ॥ বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজি (বিআইটি) ঢাকার একজন ছাত্রের সহিত ভাড়া নিয়া মিনিবাস কন্ডাক্টরের ঝগড়াকে কেন্দ্র করিয়া গত রবিবার রাতব্যাপী ছাত্রদের সহিত পরিবহন শ্রমিক ও স্থানীয় সন্ত্রাসীদের ব্যাপক সংঘর্ষের ঘটনায় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শেষবর্ষের ছাত্র সৈয়দ মোহাম্মদ মোস্তফা (২৪) নিহত হয়। ইহাছাড়া গুলীতে ৩ জনসহ প্রায় অর্ধশত ছাত্র এবং একজন দারোগাসহ ৩ জন পুলিশ আহত হইয়াছে। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা এবং গতকাল সোমবার দুপুর ২টার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়। ক্যাম্পাস এবং আশেপাশের এলাকায় ব্যাপক উত্তেজনা বিরাজ করিতেছে। ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হইয়াছে।

জানা যায়, গত রবিবার রাত্র ৮টার দিকে জেলা শহরের জয়দেবপুর বাসস্ট্যান্ড হইতে ক্যাম্পাসে ফিরিবার পথে নূরুল ইসলাম ফারুক নামে একজন ছাত্রের সহিত মিনিবাস কন্ডাক্টরের ঝগড়া বাধে। একপর্যায়ে ছাত্রটি বাস কন্ডাক্টরকে চড় মারিলে বাসের স্টাফরা ছাত্রকে বাস হইতে নামাইয়া ক্যাম্পাসের মূল গেটের পার্শ্ববর্তী একটি স্থানে নিয়া তাহাকে মারধর করে।

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## গাজীপুরে গুলীতে

(শেষ পৃষ্ঠার পর)

এই খবর ক্যাম্পাসে পৌছিলে মিছিলরত উত্তেজিত ছাত্ররা দল বাধিয়া বাহিরে আসিলে অন্যান্য মিনিবাস স্টাফ এবং স্থানীয় লোকজনদের সহিত সংঘর্ষের সূত্রপাত হয়। উভয়পক্ষের ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপে এলাকাটি রণক্ষেত্রে পরিণত হয়। উত্তেজিত ছাত্ররা ক্যাম্পাসের মূল গেটের বিপরীত দিকে অবস্থিত মার্কেটে হামলা চালাইয়া ঔষধের দোকানসহ ৮/১০টি দোকান ভাংচুর করে। স্থানীয় লোকজনদের বিক্ষিপ্তভাবে ইটপাটকেল নিক্ষেপে ইনষ্টিটিউটের পরিচালকের বাসভবন, একাডেমিক ভবন ও বিভিন্ন হলেরও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। খবর পাইয়া পুলিশ ঘটনাস্থলে গিয়া পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করে এবং ইনষ্টিটিউটের শিক্ষকদের চেষ্টায় ছাত্রদের ক্যাম্পাসে ফেরত পাঠায়। রাত্রি ১২টার দিকে [illegible]